গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
www.dss.alamdanga.chuadanga.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.১৮০৭.০০০.০০০.১৭.০০০১.২৬.২৭৩ তারিখ:-২২/০৭/২০২৬ খ্রিঃ।

বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা নারী, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রমের (অনগ্রসর ভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও হিজড়া ভাতা ইত্যাদি) আওতায় ভাতা সংক্রান্ত অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিচালক সমাজসেবা অধিদপ্তর মহোদয়ের ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখের ৫৮৬ সংখ্যক পত্র মোতাবেক ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা নারী, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রমের (অনগ্রসর ভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও হিজড়া ভাতা ইত্যাদি) আওতায় ভাতা সংক্রান্ত অনলাইনে আবেদন গ্রহণ শুরু হতে যাচ্ছে।

২। সমাজসেবা অধিদপ্তরের ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ চলবে: ০১ আগষ্ট ২০২৬ হতে ৩১ আগষ্ট ২০২৬ পর্যন্ত।
ক) আবেদন করার লিংক: www.dss.bhata.gov.bd/online-application
খ) আবেদন দাখিলের ক্ষেত্রে সাধারণ নির্দেশনাবলী:

- স্থায়ী ঠিকানা: আবেদনকারীকে অবশ্যই তাঁর নিজ নিজ ঠিকানায় আবেদন করতে হবে; মোবাইল ও ব্যাংক অ্যাকাউন্ট: আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সক্রিয় সিমের মোবাইল নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। (ব্যাংক হিসাবের ক্ষেত্রে যোগাযোগের জন্য একটি সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে);
- প্রতিবন্ধী ভাতা: প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
- যোগ্যতা: আবেদনকারী অন্য কোনো সরকারি নিয়মিত সুবিধা পেয়ে থাকলে এই ভাতার জন্য বিবেচিত হবেন না;
- কার্যকরী তারিখ: চূড়ান্তভাবে নির্বাচিত উপকারবোগীগণ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন;

বিঃ দ্রঃ যারা পূর্বে অনলাইনে আবেদন করেছিলেন এবং বর্তমানে অপেক্ষমাণ তালিকায় আছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। অনলাইনে নতুন আবেদন ও অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট বাছাই-কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী উপকারভোগী নির্বাচন করা হবে।

*****বিশেষ সতর্কতা: সরকারি ভাতা একটি বিনামূল্য সেবা অর্থাৎ ভাতা পেতে নাগরিকদের কোন ফিস দিতে হয়না। ফলে ভাতা গ্রহণের জন্য কোথাও আর্থিক লেনদেনে যুক্ত হয়ে প্রতারিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানানো যাচ্ছে।*****

22/07/2024

মোঃ সাজ্জাদ হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

প্রশাসক/চেয়ারম্যান (সকল)
আলমডাঙ্গা পৌরসভা/ইউনিয়ন পরিষদ
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্মারক নম্বর: ৪১.০১.১৮০৭.০০০.০০০.১৭.০০০১.২৬.২৭৩ তারিখ:-২২/০৭/২০২৬ খ্রিঃ।

বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় সংসদ সদস্য-চুয়াডাঙ্গা-১
০২। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৭। প্রশাসক/চেয়ারম্যান (সকল)..............................ইউনিয়ন পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৮। ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৯। অফিস কপি।

22/07/2024

মোঃ সাজ্জাদ হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার

CS Scanned with CamScanner